



লালমোহন পৌরসভা কার্যালয়

জেলা- ভোলা।

স্মারক নং- ৪৬.৮৩.০৯৫৪.০০৩.১৫.০০৪.১৮-১৯০

তারিখ : ২০.০৬.২০১৯

সময়মত পৌরকর পরিশোধ করুন
জন্ম- মৃত্যু ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করুন

ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন ও নতুন তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

২০১৯-২০২০ অর্থ বছরে লালমোহন পৌরসভার সকল শ্রেণীর ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন/নতুন তালিকাভুক্তির জন্য ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা যাইতেছে।

- আবেদন পত্র প্রাপ্তি ও দাখিলের স্থান : লাইসেন্স শাখা, লালমোহন পৌরসভা, ভোলা।
- নির্ধারিত ফরমের মূল্য : প্রতিটি ৫০০/- (পাঁচ শত টাকা মাত্র) অফেরথযোগ্য।
- আবেদন সংগ্রহের শেষ তারিখ : ২৪ জুলাই, ২০১৯ ইং।
- আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ : ২৫ জুলাই, ২০১৯ ইং বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত।
- নিম্নলিখিত কাগজ-পত্রাদি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবেঃ-

(ক) লালমোহন পৌরসভার ২০১৯-২০২০ অর্থ বছরের ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (খ) হাল নাগাদ ভ্যাট নিবন্ধন পত্রের সত্যায়িত ফটোকপি (গ) হাল নাগাদ টি.আই.এন সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি (ঘ) পৌর কর পরিশোধের রশিদ পত্রের সত্যায়িত ফটোকপি (ঙ) ভোটার আই.ডি কার্ড এর সত্যায়িত ফটোকপি (চ) আবেদনকারীর ব্যবসায়িক ঠিকানা (ছ) নাগরিক সনদ পত্রের সত্যায়িত ফটোকপি। (জ) কোন তফসিলভুক্ত ব্যাংক হইতে তার হিসাব নম্বরে বিগত অর্থ বছরের আয়ের লেন-দেনের বিবরণী ও স্বচ্ছলতা পত্র (ঝ) তিনটি নমুনা স্বাক্ষর সম্বলিত ০২ (দুই) সেট ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নমুনা স্বাক্ষর (ঞ) আবেদনকারীর সদ্যতোলা পাসপোর্ট আকারের ছবি- ২ কপি সত্যায়িত (ট) প্রথম শ্রেণীর ঠিকাদারের জন্য যে কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে একক ২০.০০ (বিশ) লক্ষ টাকার নির্মাণ কাজের গুণগতমান উল্লেখ পূর্বক একজন সহকারী প্রকৌশলী/নির্বাচি প্রকৌশলী কর্তৃক অভিজ্ঞতা পত্র।

যোগ্য বিবেচিত ঠিকাদার বা ঠিকাদারী প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন ফি বাবদ মেয়র, লালমোহন পৌরসভা বরাবরে কোন তফসিলী ব্যাংক হইতে সিডি/বিডি/এস.আর/পি.ও এর মাধ্যমে নিম্নবর্ণিত ফি (অফেরথযোগ্য) জমা দিতে হইবে।

(ক) প্রথম ও দ্বিতীয় শ্রেণীর জন্য = ৫,০০০/- (টাকা পাঁচ হাজার মাত্র)


পৌরসভার ঠিকাদারী তালিকাভুক্তি সংক্রান্ত যে কোন সময় প্রণীত নিয়ম কানুন এবং The Public Procurement Regulation 2008 ও সংশোধিত 2009 এই তালিকাভুক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং তালিকাভুক্তি ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান সংক্রান্ত সকল নিয়ম কানুন মানিয়া চলিতে বাধ্য থাকিবে পৌরকর্তৃপক্ষ আবেদনকারীদের মধ্য হইতে যোগ্যতা বাছাই সাপেক্ষে সীমিত সংখ্যক ব্যক্তি বা প্রতিষ্ঠানকে তালিকাভুক্তি করিবেন। বিশেষ বিবেচনায় যোগ্যতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে অতিরিক্ত ফি গ্রহন সাপেক্ষে বাৎসরিক তালিকাভুক্তির প্রক্রিয়া অব্যাহত থাকবে। ঠিকাদারদেরকে e-GP পোর্টালে রেজিস্ট্রেশন ও নবায়ন করতে হবে।

তালিকাভুক্তি নবায়নের জন্য

২০১৯-২০২০ অর্থ বছরে ঠিকাদারী লাইসেন্স নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী নবায়ন করা যাইবে। নবায়ন ফি লালমোহন পৌরসভার নির্ধারিত চালানের মাধ্যমে নির্ধারিত ব্যাংক হিসাবে জমা প্রদানপূর্বক জমা রশিদ, ২০১৯-২০২০ অর্থ বছরের ট্রেড লাইসেন্স এবং ব্লু বুক লাইসেন্স শাখায় জমা প্রদান করিতে হইবে। বিস্তারিত তথ্যবলী লাইসেন্স শাখা হইতে জানা যাইবে।

নবায়ন ফি জমা প্রদান সংক্রান্ত সময়সূচী

ক্রমিক নং	শ্রেণী	নবায়ন ফি	জরিমানা ব্যতিত ফি জমা দেয়ার শেষ তারিখ	জরিমানাসহ ফি জমা দেয়ার শেষ তারিখ		
				২৫% জরিমানাসহ বিগত ২-৫ বছর পর্যন্ত অনবায়নকারীদের ক্ষেত্রে	৫০% জরিমানাসহ বিগত ৫-৭ বছর পর্যন্ত অনবায়নকারীদের ক্ষেত্রে	১০০% জরিমানাসহ ৭ বছরের উর্ধে অনবায়নকারীদের ক্ষেত্রে
০১	প্রথম	২০০০/-	৩০ সেপ্টেম্বর, ২০১৯	৩০ ডিসেম্বর, ২০১৯	৩০ মার্চ, ২০২০	৩০ জুন, ২০২১
০২	দ্বিতীয়	২০০০/-				


(হাজী এমদাদুল ইসলাম তুহিন)
মেয়র
লালমোহন পৌরসভা, ভোলা।